

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩  
৩৭/৩/এ, ইস্কাটনগাঁড়নে রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৭.১৮-১৫৩

তারিখ: ০৯.০৮.২০১৮খ্রি.

বিষয়: যশোর জেলার সদর উপজেলাধীন কল্যানদাহ গোয়ালদাহ বাজার দাখিল মাদ্রাসায় ম্যানেজিং কমিটি না থাকাকালে সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির( এমপিও) বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১)কল্যানদাহ গোয়ালদাহ বাজার দাখিল মাদ্রাসার সুপার এর আবেদন  
(২)বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮

তারিখ: ০৬.০৮.২০১৮খ্রি.

তারিখ: ১৯.০৭.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে সুপার, কল্যানদাহ গোয়ালদাহ বাজার দাখিল মাদ্রাসা, কর্তৃক প্রেরিত এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির মেয়াদ ১০.০৭.২০১৮ খ্রি: তারিখে শেষ হয়ে যায়।


০২. উপরিউক্ত কারণে মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছেনা মর্মে সুপার কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত রয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর বর্ণিত প্রতিষ্ঠানটি এডহক কমিটি অনুমোদনের জন্য আবেদন করেছেন।

০৩. এডহক কমিটি গঠন ও অনুমোদন না হওয়া পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না। তাই অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষর করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ক্ষমতা প্রদান করার জন্য সুপার কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. সূত্রোক্ত ২ নং স্মারক এর ১৭.৪ ধারা মোতাবেক“ ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান বেতন-ভাতা বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।”

০৫. বর্তমান অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদ্রাসায় নিয়মিত কমিটি/এডহক কমিটি না থাকায় মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিল সুপার, কল্যানদাহ গোয়ালদাহ বাজার দাখিল মাদ্রাসা এর স্বাক্ষরে এবং সূত্রোক্ত ২ নং স্মারক এর ১৭.৪ ধারা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় কল্যানদাহ গোয়ালদাহ বাজার দাখিল মাদ্রাসা সদর যশোর এর ম্যানেজিং কমিটি বহাল না হওয়া পর্যন্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ আদেশ অনুসরণক্রমে মাদ্রাসার সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর এর প্রতিস্বাক্ষরে বেতন-ভাতাদির এমপিও বিল উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৭.০৮.১৮

(মোহাম্মদ শামসুজ্জামান)

উপ-পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৪১০৩০১৬৪

১. উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
২. সুপার, কল্যানদাহ গোয়ালদাহ বাজার দাখিল মাদ্রাসা।  
ডাক: গোয়ালদাহ বাজার, উপজেলা: সদর, জেলা: যশোর।

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, যশোর।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর।
৩. অফিস কপি।